



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে

## Plagiarism Checker Software এর মাধ্যমে সেবাদান কার্যক্রম চালু

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ জুলাই ২০২৩ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে চালু হয়েছে Plagiarism Checker Software এর মাধ্যমে সেবাদান কার্যক্রম। বিশ্ববিদ্যালয়ের উন্নত পাঠ কার্যক্রম নিশ্চিতকরণ এবং মানসম্মত ও উদ্ভাবনীয় গবেষণা কার্যক্রমের জন্য ইন্টারনেট ভিত্তিক লেখা নকল ও ছবছ সংযুক্তকরণ রোধে Plagiarism Checker Software একটি প্রসিদ্ধ Software। উক্ত Software ব্যবহার করে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রমের নকল লেখা পরীক্ষণসহ বিভিন্ন অনিয়ম এবং অনৈতিক কার্যক্রম রোধ করা সম্ভব হবে। যা বিশ্ববিদ্যালয়ের উন্নত পাঠ কার্যক্রম এবং মানসম্মত উদ্ভাবনী গবেষণা কার্যক্রম নিশ্চিত করবে। এর ফলে বরিশাল বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক পরিমন্ডলে তার সুনাম বৃদ্ধিতে সক্ষম হবে। বরিশাল বিশ্ববিদ্যালয় উপরোক্ত Software টির ফিডব্যাক স্টুডিও ভার্সন ব্যবহার করবে। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ছাড়াও শিক্ষার্থীরা তাদের গবেষণা কর্ম, বিভিন্ন প্রজেক্ট পেপার, টার্ম পেপার এবং থিসিস পেপার নকল ও ছবছ কপি চেক করতে পারবে এবং তাদের কাজগুলো উক্ত Software টিতে সংরক্ষণ করতে পারবে। ফলে শিক্ষার্থীদের গবেষণার মান উন্নত হবে এবং গবেষণার প্রতি আগ্রহ বাড়বে। বরিশাল বিশ্ববিদ্যালয় Plagiarism Checker Software টি বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও সম্প্রসারণ অফিসের পরিচালক ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেনের তত্ত্বাবধানে এবং নেটওয়ার্কিং এন্ড আইটি অফিসের পরিচালক রাহাত হোসাইন ফয়সালের সার্বিক সহযোগিতায় Turnitin India Private Ltd. থেকে Institutional Subscription নিচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস